গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা**
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,


স্মারক নং- ৩৮/০৭ – ৬৯০৬২ তারিখ: ২৬.০২.২০২৫

## ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ২৬/০২/২০২৫ থেকে ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

ভর্তির যোগ্যতা: ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২২ সাল বা তৎপূর্বে এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচএসসি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১) এইচএসসি (ভোকেশনাল) ২) ডিপ্লোমা-ইন-কমার্স ৩) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। Blank Data Entry Form এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এ সকল কোর্স/বিষয়ের তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে। অত:পর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। **বিস্তারিত জানা যাবে:** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওযেবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiamohilacollege.edu.bd).

কলেজে উপস্থিত হয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সসমূহ ঃ ১। বিএ ২। বিএসএস ৩। বিবিএস

**ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**

(ক) এসএসসি ও এইচএসসি এর রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
(খ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ১ (এক) স্ট্যাম্প কপি সাইজের রঙীন ছবি।
(গ) অনলাইন প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।

২৬/২/২০২৫
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

২৬/২/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৫/০৭-৬১০৮২ তারিখ: ২৬.০২.২০২৫

## ২০২৪ সালে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে শিক্ষার্থীদেরকে ভর্তির সময় পরিশোধ করতে হবে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফিসহ):

| ক্রমিক নং | খাতের নাম | বিএ/বিএসএস/বিবিএস |
|---|---|---|
| ১. | ভর্তি ফি | ২৫/- |
| ২. | বিশ্ববিদ্যালয় ফি (রেজিস্ট্রেশন ফি) | ৪৮৫/- |
| ৩. | রেঞ্জার ফি (কলেজ) | ৪০/- |
| ৪. | রোভার স্কাউট ফি (কলেজ) | ১৬/- |
| ৫. | সাহিত্য ও সংস্কৃতি ফি | ৫০/- |
| ৬. | ম্যাগাজিন ফি | ৩০/- |
| ৭. | মসজিদ তহবিল ফি | ৫০/- |
| ৮. | ধর্মীয় অনুষ্ঠান ফি | ৩০/- |
| ৯. | অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম ফি | ৪০/- |
| ১০. | বহি: ক্রীড়া ফি | ৫০/- |
| ১১. | কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি | ২০/- |
| ১২. | চিকিৎসা ফি | ২০/- |
| ১৩. | পরিচয় পত্র ফি (৩ বছরের জন্য) | ৯০/- |
| ১৪. | রেড ক্রিসেন্ট ফি | ২০/- |
| ১৫. | লাইব্রেরী ফি | ২৫/- |
| ১৬. | অধিভুক্তি ফি | ৫০/- |
| ১৭. | উন্নয়ন তহবিল ফি | ২০০/- |
| ১৮. | বিবিধ | ১০০/- |
| ১৯. | আইসিটি ফি | ২০/- |
| ২০. | বিজ্ঞান ক্লাব ফি | ২০/- |
| ২১. | ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| ২২. | ডিজিটাল কার্যক্রম | ৪০০/- |
| ২৩. | ইউটিলিটি ফি | ২০০/- |
| ২৪. | প্রাথমিক আবেদন ফি (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) | ৩০০/- |
| | মোট | ২৩৩১/- |

অভ্যন্তরীন পরীক্ষা ফি (ইনকোর্স) প্রতি পত্রে ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

২৬/২/২০২৫
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা।

২৬/০২/২৫ ২৬/২/২৫

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ০৬(১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/৩১০৭ তারিখ: ২৪/০২/২০২৫

## ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোর্সসমূহ: বিএ/বিএসএস/বিবিএস

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: **(www.nu.ac.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও নির্বাচিত কলেজসমূহে ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৬ মার্চ ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ১৭ মার্চ ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/ Important Notice** অপশন থেকে জানা যাবে।

১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২২ সাল বা তৎপূর্বে **HSC** ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট **SSC** ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

খ) **O-Level** পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২ সাল বা তৎপূর্বে **A-Level** পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে **(degpassnu@gmail.com)** আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর **O-Level** ও **A-Level** পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

ঘ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

চ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া নিম্নবর্ণিত যে কোন একটি বিষয় নিয়ে স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ: বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), আরবী, উর্দু, ফার্সী, পালি, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে স্নাতক (পাস) পর্যায়ে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে।

গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

ঘ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সঙ্গে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩। অনলাইন রেজিস্ট্রেশন আবেদনের নিয়মাবলী

ক) ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Degree Pass** অপশনে গিয়ে **Blank Data Entry Form (Degree Private)** অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে **Blank Data Entry Form (Private Certificate Course)** অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) **Blank Data Entry Form** এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক **Gender (Male/Female)** এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা **Gender** ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

ঘ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক তালিকাভুক্ত যে কোন কলেজের নাম **Select** করলে ঐ কলেজে আবেদনকারীর রেজিস্ট্রেশন যোগ্য (**Eligible**) কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এ সকল (**Eligible**) কোর্স/বিষয়ের তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঙ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size: 50Kb** হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) আবেদনকারীকে সঠিক তথ্য ও ছবিসহ ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **[A4 (8.5"×11")** অফসেট সাদা কাগজে**]** প্রিন্ট **(Print)** নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল অথবা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে **Applicant Login** অপশনে **Private Degree (Pass) Login** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** লিংকে গিয়ে **Click to Generate the Security Key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী কেবল একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

জ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি এবং আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে।

ঝ) আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষক তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দিবেন।

৪। স্নাতক (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের সময়সূচি ও করণীয়

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করার তারিখ: | ২৬/০২/২০২৫ থেকে ১৬/০৩/২০২৫ |
| খ) | আবেদনকারী প্রার্থীদের আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ২৭/০২/২০২৫ থেকে ১৭/০৩/২০২৫ |
| গ) | কলেজ কর্তৃক অনলাইনে আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ: | ২৭/০২/২০২৫ থেকে ১৮/০৩/২০২৫ |
| ঘ) | কলেজ কর্তৃক নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ১৭৫/-(একশত পঁচাত্তর) টাকা হারে] ও রেজিস্ট্রেশন ফি [আবেদনকারী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Deg. Private)** অপশনে ক্লিক করে দু'টি আলাদা **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের আবেদন ফি (ভর্তি ফান্ড) ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে **0218100003245** ও **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৯/০৩/২০২৫ থেকে ২৫/০৩/২০২৫ |
| ঙ) | পত্রকোড এন্ট্রি<br>২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের কোর্সভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Paper Code Entry** অপশন থেকে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সের জন্য প্রযোজ্য কোর্সভিত্তিক সিলেবাস অনুসরণ করে সঠিক পত্রকোড এন্ট্রি দিতে হবে।<br>উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থীর পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ২৩/০৩/২০২৫ থেকে ১৭/০৪/২০২৫ |

৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) সংশ্লিষ্ট কলেজকে ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **College (Undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত [স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে প্রদত্ত] **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে। আবেদন ফরম নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের ফরম নিশ্চয়ন করতে পারবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে শুধুমাত্র সে সকল আবেদনকারীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদনকারীর ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। এ লক্ষ্যে অনুচ্ছেদ-১ ও ২ এ বর্ণিত "আবেদনের যোগ্যতা ও শর্তাবলী" এর সকল শর্ত পূরণ হয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে। কোন আবেদন ফরমে তথ্য অথবা ছবিতে অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে ঐ আবেদনকারীকে অনলাইনে ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের তথ্য ও ছবি সংশোধন করা যাবে না।

ঘ) কোর্সভিত্তিক পত্রকোড এন্ট্রি:

কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের কোর্সভিত্তিক বিষয় গুচ্ছ থেকে (অনুচ্ছেদ-৬ এ দ্রষ্টব্য) পত্রকোড এন্ট্রি নিশ্চিত করতে হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কলেজকে স্নাতক (পাস) প্রাইভেট প্রোগ্রামে বিএ/বিএসএস/বিবিএস কোর্সের জন্য অধিভুক্ত বিষয় থেকে অবশ্যই পত্রকোড এন্ট্রি দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে পত্রকোড এন্ট্রি দিতে হবে। রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর পর পত্রকোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঙ) কলেজ কর্তৃপক্ষকে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি আবেদন ফি বাবদ ১৭৫/-(একশত পঁচাত্তর) টাকা হারে] ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Deg. Private)** অপশন ক্লিক করে দু'টি আলাদা **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের আবেদন ফি (ভর্তি ফান্ড) ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে **0218100003245** ও **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৬। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ

| ভর্তিচ্ছু কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বিএ (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | নিম্নে প্রদত্ত যে কোন গুচ্ছ থেকে ০১ (এক) টি করে মোট ০৩ (তিন) টি বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।<br>ক গুচ্ছ- বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি(ঐচ্ছিক)/সংস্কৃত/আরবী/উর্দু/ফার্সী/পালি/ ড্রামা এন্ড মিডিয়া স্টাডিজ<br>খ গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>গ গুচ্ছ- ইসলামী শিক্ষা/দর্শন<br>ঘ গুচ্ছ- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান |
| খ) বিএসএস (পাস) | | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টি করে মোট ০৩ (তিন) টি বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান<br>খ গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইসলামী শিক্ষা/ দর্শন/ বাংলা(ঐচ্ছিক)/ ইংরেজি(ঐচ্ছিক)/সংস্কৃত/আরবী/পালি |
| গ) বিবিএস (পাস) | | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টি করে মোট ০৩ (তিন) টি বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ- হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>খ গুচ্ছ- ফিন্যান্স এন্ড ব্যাংকিং/মার্কেটিং/ অর্থনীতি |

৭। নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে

ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে মাইগ্রেশন সনদ অবশ্যই জমা দিতে হবে।

খ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীকে তার চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে ছুটি মঞ্জুর করার বিষয় উল্লেখ থাকতে হবে।

গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে এ রেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে অনুমতি পত্রে উল্লেখ থাকতে হবে।

৮। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের নির্ধারিত ফিসের হার

ক) আবেদন ফি

| | |
|---|---|
| i) আবেদন ফি | = ৩০০/- (তিনশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ১৭৫/-(একশত পঁচাত্তর) টাকা ও কলেজের অংশ ১২৫/-(একশত পঁচিশ) টাকা] |

খ) রেজিস্ট্রেশন ফি

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ২০/- (বিশ) টাকা |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা |
| | মোট = ৪৮৫ (চারশত পঁচাশি) টাকা |

৯। ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের জন্য নির্বাচিত কলেজের তালিকা

| ক্রমঃ | কলেজের নাম | কোড | ক্রমঃ | কলেজের নাম | কোড | ক্রমঃ | কলেজের নাম | কোড |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট | ১০১ | ৩৩ | জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট | ২৮০১ | ৬৫ | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর | ৫৫০১ |
| ২ | সাতক্ষীরা সরকারি কলেজ, সাতক্ষীরা | ২০১ | ৩৪ | লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট | ২৯০১ | ৬৬ | কাজী আজিমউদ্দিন কলেজ, গাজীপুর | ৫৫০৫ |
| ৩ | শ্যামনগর সরকারি মহসিন ডিগ্রি কলেজ | ২০৭ | ৩৫ | কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রাম | ৩০০১ | ৬৭ | টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর | ৫৫১১ |
| ৪ | সরকারি মহিলা কলেজ, খুলনা | ৩১২ | ৩৬ | নীলফামারী সরকারি কলেজ, | ৩১০১ | ৬৮ | সরকারি তোলারাম কলেজ, | ৫৬০১ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নীলফামারী | | | নারায়নগঞ্জ | |
| ৫ | সরকারি ব্রজলাল কলেজ, খুলনা | ৩২২ | ৩৭ | কারমাইকেল কলেজ, রংপুর | ৩২০১ | ৬৯ | হরগঙ্গা সরকারি কলেজ, মুন্সিগঞ্জ | ৫৭০১ |
| ৬ | সরকারি ভিক্টোরিয়া কলেজ, নড়াইল | ৪০১ | ৩৮ | গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা | ৩৩০১ | ৭০ | সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ | ৫৮০১ |
| ৭ | সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর | ৫০১ | ৩৯ | দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর | ৩৪০১ | ৭১ | রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী | ৫৯০১ |
| ৮ | সরকারি কেশব চন্দ্র কলেজ, ঝিনাইদহ | ৬০১ | ৪০ | ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও | ৩৫০২ | ৭২ | সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর | ৬০০১ |
| ৯ | সরকারি হোসেন শহীদ সো. কলেজ, মাগুরা | ৭০১ | ৪১ | মকবুলার রহমান সরকারি কলেজ, পঞ্চগড় | ৩৬০১ | ৭৩ | সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর | ৬০০২ |
| ১০ | চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা | ৮০১ | ৪২ | ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা | ৩৭০১ | ৭৪ | সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ | ৬১০১ |
| ১১ | মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর | ৯০১ | ৪৩ | কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা | ৩৭০৩ | ৭৫ | শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর | ৬২০১ |
| ১২ | কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া | ১০০১ | ৪৪ | বি.বাড়ীয়া সরকারি কলেজ, বি বাড়ীয়া | ৩৮০১ | ৭৬ | মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর | ৬৩০১ |
| ১৩ | সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল | ১১০১ | ৪৫ | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর | ৩৯০১ | ৭৭ | সাভার সরকারি কলেজ, ঢাকা | ৬৪০১ |
| ১৪ | বরিশাল সরকারি মহিলা কলেজ | ১১০৭ | ৪৬ | লক্ষীপুর সরকারি কলেজ, লক্ষীপুর | ৪০০১ | ৭৮ | ধামরাই সরকারি কলেজ, ধামরাই | ৬৪০২ |
| ১৫ | সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর | ১২০১ | ৪৭ | ফেনী সরকারি কলেজ, ফেনী | ৪১০১ | ৭৯ | ইস্পাহানি কলেজ, ঢাকা | ৬৪০৬ |
| ১৬ | ঝালকাঠি সরকারি কলেজ, ঝালকাঠি | ১৩০১ | ৪৮ | নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী | ৪২০১ | ৮০ | নিউ মডেল ডিগ্রী কলেজ, ঢাকা | ৬৪১০ |
| ১৭ | ভোলা সরকারি কলেজ, ভোলা | ১৪০১ | ৪৯ | চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম | ৪৩০১ | ৮১ | সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা | ৬৪১৮ |
| ১৮ | পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী | ১৫০১ | ৫০ | চট্টগ্রাম সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম | ৪৩০৪ | ৮২ | তেজগাঁও কলেজ, ঢাকা | ৬৪২২ |
| ১৯ | বরগুনা সরকারি কলেজ, বরগুনা | ১৬০১ | ৫১ | হাজী মহসীন কলেজ, চট্টগ্রাম | ৪৩০৫ | ৮৩ | শেখ বোরহানুদ্দিন পো.গ্রা. কলেজ | ৬৪২৫ |
| ২০ | সরকারি মুরারিচাঁদ কলেজ, সিলেট | ১৭০১ | ৫২ | সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম | ৪৩০৬ | ৮৪ | টি এন্ড টি কলেজ, ঢাকা | ৬৪৩১ |
| ২১ | বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ | ১৮০১ | ৫৩ | কক্সবাজার সরকারী কলেজ, কক্সবাজার | ৪৪০১ | ৮৫ | আবুজর গিফারী কলেজ, ঢাকা | ৬৪৩৯ |
| ২২ | সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ | ১৯০১ | ৫৪ | বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান | ৪৫০১ | ৮৬ | তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা | ৬৪৪২ |
| ২৩ | মৌলভীবাজার. সরকারি কলেজ, মৌলভীবাজার | ২০০১ | ৫৫ | রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি | ৪৬০১ | ৮৭ | লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা | ৬৪৪৭ |
| ২৪ | সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা | ২১০১ | ৫৬ | খাগড়াছড়ি সরকারী কলেজ, খাগড়াছড়ি | ৪৭০১ | ৮৮ | ঢাকা উইমেন্স কলেজ, উত্তরা, ঢাকা | ৬৪৫১ |
| ২৫ | সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ | ২২০১ | ৫৭ | নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোনা | ৪৮০১ | ৮৯ | মোঃপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা | ৬৪৫৮ |
| ২৬ | নবাব সিরাজ উদ্ দৌল সরকারি কলেজ, নাটোর | ২৩০১ | ৫৮ | গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ | ৪৯০১ | ৯০ | হাবিবুল্লাহ বাহার কলেজ, ঢাকা | ৬৪৫৯ |
| ২৭ | নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ | ২৪০১ | ৫৯ | সরকারী জিল্লুর রহমান মহিলা কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ | ৪৯১৪ | ৯১ | সরকারি বঙ্গবন্ধু কলেজ, পল্লবী, ঢাকা | ৬৪৮৫ |
| ২৮ | রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী | ২৫০১ | ৬০ | সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর | ৫০০১ | ৯২ | আলহাজ মকবুল হোসেন কলেজ, ঢাকা | ৬৪৮৬ |
| ২৯ | রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী | ২৫০২ | ৬১ | শেরপুর সরকারি কলেজ, শেরপুর | ৫১০১ | | | |
| ৩০ | নিউ গভঃ কলেজ, রাজশাহী | ২৫০৬ | ৬২ | নাসিরাবাদ কলেজ, ময়মনসিংহ | ৫২০৪ | | | |
| ৩১ | নবাবগঞ্জ সরকারি কলেজ, নবাবগঞ্জ | ২৬০১ | ৬৩ | এম.এম.আলী কলেজ, টাঙ্গাইল | ৫৩০২ | | | |
| ৩২ | সরকারি আযিযূল হক কলেজ, বগুড়া | ২৭০১ | ৬৪ | নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী | ৫৪০১ | | | |

১০। এই রেজিস্ট্রেশর্ন কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪.০২.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং: ০৬(১০১) জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রাইভেট/২০০১/৩১০৭

তারিখ: ২৪/০২/২০২৫

১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

২৪/০২/২০২৫

(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল: degpassnu@gmail.com